



বীমা মেলা ২০১৬

২৩-২৫ মার্চ, ২০১৬

বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র (বিআইসিসি)
শের-ই-বাংলা নগর, ঢাকা, বাংলাদেশ।

নিরাপদ ভবিষ্যতের
জন্য বীমা

আয়োজনে:



বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, সাধারণ বীমা টাওয়ার (৯ম তলা)
৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০। ফোন : ৯৫৬৫৫৪৮, ৯৫৫৩৫০৩
ওয়েব : www.idra.org.bd

ফারইস্ট ইসলামী লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেডের বিগত ৫ বছরের পলিসি বোনাস

পরিকল্পের নাম	পলিসির মেয়াদ (বছর)	বিগত ৫ বছরে প্রতি হাজার টাকায় বোনাসের পরিমাণ				
		২০১০	২০১১	২০১২	২০১৩	২০১৪
মেয়াদী বীমা মাসিক মেয়াদী বীমা মেয়াদী বীমা (স্বল্পকালীন) যুগল মেয়াদী বীমা ইসলামী মেয়াদী বীমা (এফডিপিএস) হজ্ব বীমা	৮ - ১৪ বছর	৩৮/-	৪৮/-	৫৫/-	৬৩/-	৬৮/-
দেনমোহর বীমা শিশু নিরাপত্তা বীমা শিশু শিক্ষা ও বিবাহ মেয়াদী বীমা	১৫ - ১৯ বছর	৫০/-	৬০/-	৭০/-	৮০/-	৮৫/-
মাসিক কিস্তি বীমা (এমএসপি) এফডিপিএস প্রত্যাশিত বীমা (দুই কিস্তি, তিন কিস্তি চার কিস্তি ও পাঁচ কিস্তি)	২০ বছর থেকে তদূর্ধ্ব	৬০/-	৭৫/-	৮৫/-	৯৫/-	১০০/-

কোম্পানীর বীমা পরিকল্পসমূহ

একক বীমা

- মেয়াদী বীমা ● পেনশন বীমা ● হজ্ব বীমা ● চার কিস্তি বীমা ● দেনমোহর বীমা ● তিন কিস্তি বীমা
- এক কিস্তি বীমা ● শিশু নিরাপত্তা বীমা ● ফারইস্ট ডিপিএস ● ইসলামী মানিব্যাগ বীমা
- শিশু শিক্ষা ও বিবাহ মেয়াদী বীমা ● ইসলামী মেয়াদী পরিকল্প (এফডিপিএস) ● যুগল মেয়াদী বীমা
- দুই কিস্তি বীমা ● পাঁচ কিস্তি বীমা ● মাসিক মেয়াদী বীমা ● মেয়াদী বীমা (স্বল্পকালীন)

সার্বজনীন বীমা

- মাসিক কিস্তি বীমা (এমএসপি) ● একক বীমার সকল পরিকল্পসমূহ

গ্রুপ বীমা

- গ্রুপ সাময়িক বীমা ● গ্রুপ মেয়াদী বীমা ● গ্রুপ পরিবর্তনশীল মেয়াদী বীমা



ফারইস্ট ইসলামী লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড
ইসলামী শরী'আহ্ মোতাবেক পরিচালিত


প্রধান কার্যালয় : ফারইস্ট টাওয়ার, ৩৫ তোপখানা রোড, ঢাকা-১০০০ ফোনঃ পিএবিএক্স : ৯৫৬৮১২০, ৯৫৭৩০৭৬

IP Phone: 09613000123 ই-মেইল : filicbd@yahoo.com Web: www.fareastislamilife.com



বীমা মেলা ২০১৬

২৩-২৫ মার্চ, ২০১৬



বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র (বিআইসিসি)
ঢাকা, বাংলাদেশ

আয়োজনে:



বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

সাধারণ বীমা টাওয়ার (৯ম তলা), ৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০।

ফোন : ৯৫৬৫৫৫৪৮, ৯৫৫৩৫০৩, ওয়েব : www.idra.org.bd



সূচিপত্র :

নিরাপদ ভবিষ্যতের জন্য বীমা

সূচনা কথা	০৩
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ	০৪
সম্পাদনায়	০৫
বাণী	০৬-১৭
বীমা মেলা কমিটি/উপ-কমিটির প্রধানগণ	১৮
বীমা মেলা আয়োজক কমিটি/উপ-কমিটি	১৯-২২
বীমার সংক্ষিপ্ত ইতিহাস	২৩
বাংলাদেশে বীমার বর্তমান ও ভবিষ্যৎ	২৪-২৬
বীমা মেলা-২০১৬ এর উদ্বোধনী অনুষ্ঠান	২৭
বীমা মেলা-২০১৬ কর্মসূচি	২৮
Insurance Fair 2016 - Seminars	২৯
আর্টিকেল (৫টি)	৩২-৭৫
বীমা কোম্পানি / কর্পোরেশনসমূহের তালিকা	৭৮
বীমা মেলা ২০১৬ এ অংশগ্রহণকারী বীমা কর্পোরেশন/ কোম্পানি/অন্যান্য প্রতিষ্ঠানের নামের তালিকা	৭৯

সূচনা কথা

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের আয়োজনে প্রথম বীমা মেলা উপলক্ষ্যে সুভিনির বের করার প্রচেষ্টাকে আমি স্বাগত জানাই।

• বীমা মেলা আয়োজনের উদ্দেশ্য হচ্ছে :

- (১) বীমা সম্পর্কে জনসচেতনতা সৃষ্টি
- (২) বীমার প্রয়োজনীয়তা ও গুরুত্ব সম্পর্কে জনগনকে অবহিত করা
- (৩) বীমা সম্পর্কে মানুষের নেতিবাচক ধারণা দূর করা ও বীমার ইতিবাচক দিকগুলি তুলে ধরা
- (৪) বীমার উপ মানুষের আস্থা সৃষ্টি করা
- (৫) বীমা শিল্পের সাথে জড়িতদের মধ্যে সৌহার্দ সৃষ্টি করা

• বীমা মেলার আয়োজনের সাথে জড়িত ও সহযোগিতাকারী সকল ব্যক্তি ও প্রতিষ্ঠান এবং বীমা মেলা কমিটি, উপ-কমিটিসমূহকে ধন্যবাদ। সুভিনির প্রকাশের সাথে জড়িত সকল কর্মকর্তা, লেখক এবং বিজ্ঞাপনদাতাদের জানাই ধন্যবাদ ও শুভেচ্ছা।

আমি বীমা মেলার সাফল্য কামনা করি।

এম. শেফাক আহমেদ, একচুয়ারি

চেয়ারম্যান

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

বাঁমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

জনাব এম. শেফাক আহমেদ, একচুয়ারি, চেয়ারম্যান

জনাব মোঃ কুদ্দুস খান, সদস্য

জনাব জুবের আহমেদ খাঁন, সদস্য

জনাব সুলতান-উল-আবেদীন মোল্লা, সদস্য

জনাব মোঃ মুরশিদ আলম, সদস্য

বিরোধ নিষ্পত্তি কমিটি'র (বিনিক) সদস্যবৃন্দ

বিচারপতি খাদেমুল ইসলাম চৌধুরী
চেয়ারম্যান

ড. মোহাম্মদ সোহরাব উদ্দিন
সদস্য

জনাব মোঃ কুদ্দুস খান
সদস্য (পদাধিকারবলে)

প্রফেসর এম. এ বাকী খলীলী
সদস্য

জনাব মসিহু মালিক চৌধুরী, এফসিএ
সদস্য

সেন্ট্রাল রেটিং কমিটি'র (সিআরসি) সদস্যবৃন্দ

জনাব এম. শেফাক আহমেদ, একচুয়ারি
চেয়ারম্যান, সেন্ট্রাল রেটিং কমিটি

জনাব মোঃ কুদ্দুস খান
সদস্য, সেন্ট্রাল রেটিং কমিটি

জনাব জুবের আহমেদ খাঁন
সদস্য, সেন্ট্রাল রেটিং কমিটি

জনাব নাসির. এ. চৌধুরী
সদস্য, সেন্ট্রাল রেটিং কমিটি

জনাব আখতার আহমেদ
সদস্য, সেন্ট্রাল রেটিং কমিটি

জনাব পি. কে রায়
সদস্য, সেন্ট্রাল রেটিং কমিটি

জনাব মোঃ আব্দুল লতিফ মিয়া
সদস্য, সেন্ট্রাল রেটিং কমিটি

জনাব শাহরিয়া আহসান
সদস্য, সেন্ট্রাল রেটিং কমিটি

জনাব মোহাম্মদী খানম
সদস্য, সেন্ট্রাল রেটিং কমিটি

সম্পাদনায়

উপদেষ্টা মণ্ডলী

জনাব এম. শেফাক আহমেদ, একচুয়ারি
চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।

জনাব মোঃ কুদ্দুস খান
সদস্য, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।

জনাব জুবের আহমেদ খান
সদস্য, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।

জনাব সুলতান-উল-আবেদীন মোল্লা
সদস্য, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।

জনাব মোঃ মুরশিদ আলম
সদস্য, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।

জনাব শেখ কবির হোসেন
প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্সুরেন্স এসোসিয়েশন।

জনাব আহমেদুর রহিম
পরিচালক, বাংলাদেশ ইন্সুরেন্স একাডেমি।
এবং সদস্য বীমা মেলা আয়োজক কমিটি ২০১৬

জনাব বি এম ইউসুফ আলী
মহাসচিব, বীমা মেলা আয়োজক কমিটি ২০১৬
প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্সুরেন্স ফোরাম।

সম্পাদনায়

জনাব তানিয়া আফরিন
জনসংযোগ কর্মকর্তা, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।

জনাব এম. এইচ মিরাজ হোসেন
জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ ইন্সুরেন্স একাডেমি।

জনাব এনামুল হক খান
উপসচিব, বাংলাদেশ ইন্সুরেন্স এসোসিয়েশন।

জনাব সৈয়দ শরীফুল হক
অফিসার, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।

অলংকরণ :

আব্দুস শুকুর চুন্সু
নাজিম খান
মুহাম্মদ আমির হোসেন

মুদ্রণ :

দিগন্ত এ্যাডভারটাইজিং
পল্টন টাওয়ার, স্যুইট-৬০২ (৬ষ্ঠ তলা)
৮৭ পুরানা পল্টন লেন, ঢাকা-১০০০

প্রকাশনায় : বীমা মেলা আয়োজক কমিটি ২০১৬

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ



রাষ্ট্রপতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

০৯ চৈত্র, ১৪২২

২৩ মার্চ, ২০১৬

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের উদ্যোগে বাংলাদেশে প্রথম 'বীমা মেলা ২০১৬' অনুষ্ঠিত হচ্ছে জেনে আমি আনন্দিত। এ উপলক্ষে আমি বীমা শিল্পের সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক শুভেচ্ছা জানাই।

বীমা মূল্যবান সম্পদের সুরক্ষাসহ চিকিৎসা ও ছেলেমেয়েদের শিক্ষা সহায়তায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। উন্নত বিশ্বে বীমা ছাড়া নাগরিক সেবা কল্পনা করা যায় না। আমাদের দেশে বীমা সম্পর্কে জনগণের মধ্যে স্পষ্ট ধারণা না থাকায় এবং অনেক ক্ষেত্রে কাজিত সেবা না পাওয়ায় দেশে বীমা শিল্পের প্রত্যাশিত বিকাশ ঘটেনি। বীমা শিল্পের সুষ্ঠু বিকাশে স্বচ্ছতা, জবাবদিহিতা ও সেবা নিশ্চিত করার পাশাপাশি জনগণের আস্থা অর্জন করতে হবে।

বাংলাদেশের জিডিপিতে বীমাখাতের অবদান ০.৯% যা উন্নত বিশ্বের দেশগুলোর তুলনায় খুবই কম। তবে এ খাতটি অত্যন্ত সম্ভাবনাময়। পৃথিবীর উন্নত দেশগুলোর মত আমাদের দেশেও বীমা সেবার আওতা ও মান বৃদ্ধি করলে মানুষের জীবন ও সম্পত্তির সর্বোচ্চ সুরক্ষা সম্ভব। বীমা আইন, ২০১০ অনুযায়ী গ্রামীণ দরিদ্র শ্রেণির মানুষের জন্য বীমা সেবা প্রদান বীমা কোম্পানির জন্য শর্তসাপেক্ষে বাধ্যতামূলক করা হয়েছে। বীমাকে সব শ্রেণির মানুষের কাছে পৌঁছে দেয়ার লক্ষ্যে সরকার প্রাইভেট পেনশন চালুরও উদ্যোগ নিয়েছে।

বীমা খাতের উন্নয়নের জন্য সরকার জাতীয় বীমা নীতি, ২০১৪ প্রণয়ন করেছে। জাতীয় বীমা নীতির লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নে বীমা মেলা ২০১৬ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখাবে বলে আমার বিশ্বাস। এতে জনগণ বীমার বহুমুখী সেবা সম্পর্কে জানতে পারবে।

আমি 'বীমা মেলা ২০১৬' এর সাফল্য কামনা করি।

খোদা হাফেজ, বাংলাদেশ চিরজীবী হোক।

মোঃ আবদুল হামিদ



بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِیْمِ



প্রধানমন্ত্রী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

০৯ চৈত্র, ১৪২২

২৩ মার্চ, ২০১৬

দেশে প্রথমবারের মত ‘বীমা মেলা-২০১৬’ আয়োজিত হতে যাচ্ছে জেনে আমি আনন্দিত। এ উপলক্ষে আমি বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষসহ সংশ্লিষ্ট সকলকে জানাই আন্তরিক শুভেচ্ছা।

সম্ভাবনাময় বীমা শিল্পকে এগিয়ে নিয়ে যেতে আওয়ামী লীগ সরকার ইতোমধ্যে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। বৃটিশ শাসনামলে প্রণীত Insurance Act, 1983 রহিত করে ‘বীমা আইন, ২০১০’ প্রণয়ন করা হয়েছে। ‘বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০’ এর মাধ্যমে বীমা অধিদপ্তর বিলুপ্ত করে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ গঠন করা হয়েছে। ২০১১ সালের ২৬ জানুয়ারি থেকে কর্তৃপক্ষ কার্যক্রম শুরু করেছে। আমাদের সরকার ইতোমধ্যে জাতীয় বীমা নীতি, ২০১৪ প্রণয়ন করেছে। যার মাধ্যমে লক্ষ্য নির্ধারণপূর্বক বীমা শিল্পের প্রসারে করণীয় সম্পর্কে দিক নির্দেশনা প্রদান করা হয়েছে। লক্ষ্য বাস্তবায়নে ইতোমধ্যে অনেক প্রয়োজনীয় বিধি/প্রবিধান প্রণয়ন করা হয়েছে এবং আরও অনেক বিধি/প্রবিধান প্রণয়নের জন্য প্রক্রিয়াধীন রয়েছে। আশা করি, বীমা মেলার মাধ্যমে বীমা সম্পর্কে জনসচেতনতা সৃষ্টি হবে যা আস্থা সৃষ্টিতেও অবদান রাখবে। মেলায় হতে জনগণ বিভিন্ন বীমা সামগ্রী সম্পর্কে জানার সুযোগ পাবে যা বীমা গ্রহণে জনগণকে উদ্বুদ্ধ করবে।


নতুন বীমা আইন, ২০১০ এ দরিদ্র জনগোষ্ঠীর জন্য অনুপাতিক হারে বীমা ব্যবসা পরিচালনা করা প্রত্যেক বীমা কোম্পানীর জন্য বাধ্যতামূলক করা হয়েছে। সরকার দেশের সকল শ্রেণির জনগণকে পর্যায়ক্রমে বীমা সেবার আওতায় আনতে আগ্রহী। এ লক্ষ্যে সরকার ইতোমধ্যে বিশ্ব ব্যাংকের সহায়তায় প্রাইভেট পেনশন স্কিম চালুর প্রকল্প গ্রহণের উদ্যোগ নিয়েছে যা চলতি বছরেই শুরু হবে আশা করা যায়। সরকারি মালিকানাধীন সাধারণ বীমা কর্পোরেশন এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের সহায়তায় ইতোমধ্যে কৃষি ক্ষেত্রে ‘আবহাওয়া ভিত্তিক শস্য বীমা প্রকল্প’ হাতে নিয়েছে।

আমার প্রত্যাশা, বীমা কর্পোরেশন/কোম্পানিসমূহ আরও গবেষণা করে বীমা সেবার নতুন নতুন সামগ্রী উদ্ভাবন করে এবং এ শিল্পে আধুনিক তথ্য-প্রযুক্তি ব্যবহার করে সেবার মান বৃদ্ধি করে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। দেশ ও জাতিকে আরও সামনের দিকে এগিয়ে নিয়ে যাবে।

আমি আশা করি, বীমা কোম্পানিগুলো বীমা দাবি সময়মত পরিশোধের ব্যবস্থা গ্রহণ করে গ্রাহকদের আস্থা বৃদ্ধিতে কার্যকর ভূমিকা রাখবে। বীমা মানুষের দুঃসময়ের বন্ধু একথা তারা কাজেও প্রমাণ করবে।

আমি ‘বীমা মেলা-২০১৬’ এর সার্বিক সাফল্য কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।


শেখ হাসিনা



আবুল মাল আব্দুল মুহিত, এম.পি

অর্থমন্ত্রী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

০৯ চৈত্র, ১৪২২

২৩ মার্চ, ২০১৬

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বীমা সংশ্লিষ্ট সকল মহলের সহযোগিতায় আগামী ২৩,২৪ ও ২৫ মার্চ ২০১৬ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে দেশের প্রথম বীমা মেলার আয়োজন করেছে জেনে আমি আনন্দিত। বীমা সন্থকে সঠিক ধারণা প্রদানের মাধ্যমে জনগণকে সচেতন করে তুলাই এর অন্যতম লক্ষ্য। একই ছাদের নীচে দেশ-বিদেশের বীমা কোম্পানীসমূহ তাদের পণ্য জনসাধারণের মাঝে প্রচারের জন্য তুলে ধরবে। ফলে জনসাধারণের মধ্যে ব্যাপক আগ্রহ সৃষ্টি হবে। আশা করি এ বীমা মেলা জনগণকে বীমা শিল্পের প্রতি আকৃষ্ট করতে সহায়ক হবে।

বীমা শিল্পের নিয়মতান্ত্রিক উন্নয়ন ও বীমা গ্রাহকদের স্বার্থ সংরক্ষণের লক্ষ্য নিয়ে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ গঠিত হয়। বীমা শিল্পের আধুনিকায়নের মাধ্যমে শিল্প সংশ্লিষ্ট সবার স্বার্থ নিশ্চিত করার সাথে সাথে দেশের অর্থনীতিতে বীমা শিল্পকে তার নির্ধারিত ভূমিকা পালন করার জন্য প্রয়োজনীয় অবকঠামোগত সহায়তা প্রদান করাও কর্তৃপক্ষের দায়িত্ব।

আমি আনন্দের সাথে লক্ষ্য করেছি কর্তৃপক্ষ বীমা আইন ২০১০ যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় বিধি-বিধান প্রণয়ন ও নির্দেশনা প্রদানের কাজ সুষ্ঠুভাবে করছে। তাদের আন্তরিক প্রচেষ্টার ফলে বীমা শিল্পের অনিয়ম ও বিশৃঙ্খলা অনেকাংশে দূরীভূত হয়েছে। বীমা কোম্পানীসমূহ নিয়মতান্ত্রিকভাবে পরিচালিত হচ্ছে এবং সেবার মান বৃদ্ধি পেয়েছে। বীমা গ্রাহকগণের স্বার্থ নিশ্চিতকরণ ও দাবী পরিশোধে ব্যাপক অগ্রগতি সাধিত হয়েছে। তাদের এ প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।

প্রশিক্ষিত জনবল সৃষ্টির লক্ষ্যে ইতোমধ্যে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে বীমা বিষয়ক কোর্স চালু হয়েছে। কর্তৃপক্ষকে এ বিষয়ে অগ্রনী ভূমিকা পালন করতে হবে। বীমা একটি আধুনিক মনষ্ক শিল্প। কর্তৃপক্ষকে বীমা শিল্পে আধুনিক তথ্য প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করে বিশ্বের সাথে তাল মিলিয়ে একে এগিয়ে নিয়ে যেতে হবে।

জনসাধারণের সম্পৃক্ততা ছাড়া কোন খাতই বেশীদূর এগিয়ে নেয়া যায় না। বীমা শিল্পের ক্ষেত্রেও তাই। বীমা মেলার মাধ্যমে জনসাধারণের মাঝে বীমার ব্যাপক প্রচার ও প্রসার হবে বলেই বিশ্বাস। আমি বীমা মেলার সর্বাঙ্গীন সাফল্য কামনা করছি।



আবুল মাল আব্দুল মুহিত, এম.পি



এম,এ মান্নান এম.পি

প্রতিমন্ত্রী

অর্থ মন্ত্রণালয় ও পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

০৯ চৈত্র, ১৪২২

২৩ মার্চ, ২০১৬

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে প্রথমবারের মত বীমা মেলায় আয়োজন করা হয়েছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। বাংলাদেশের বীমা শিল্পের বিকাশের জন্য প্রয়োজন প্রচার ও প্রসার, জনসাধারণকে বীমার সুফল সম্বন্ধে সচেতন করে তুলাই কর্তৃপক্ষের অন্যতম দায়িত্ব। জনগণ যখন বীমার প্রয়োজনীয়তা উপলব্ধি করবে তখনই বীমা শিল্পের সত্যিকার প্রসার ঘটবে।

গঠনের পর থেকেই কর্তৃপক্ষ বীমা শিল্পের আধুনিকায়ন ও উন্নয়নের জন্য নিরলসভাবে কাজ করে চলছে। কর্তৃপক্ষের প্রচেষ্টায় বীমা শিল্পের বিশৃঙ্খলা ও অনিয়ম অনেকাংশে হ্রাস পেয়েছে। বীমা কোম্পানীসমূহের সেবার মান উন্নত হয়েছে। বীমা গ্রাহকগণ যথাসময়ে তাদের দাবী পাচ্ছে।

বীমা মেলায় দেশ বিদেশের বীমা কোম্পানীগুলো যোগদান করে তাদের পণ্য জনসাধারণের নিকট তুলে ধরার সুযোগ পাবে। জনসাধারণের মাঝেও বীমা শিল্পের বিষয়ে নতুন আগ্রহ সৃষ্টি হবে। দেশের অর্থনৈতিক উন্নয়নে বীমা শিল্পের বিরাট ভূমিকা রয়েছে। তাই বীমা শিল্পকে সঠিক দিক নির্দেশনা প্রদানের মাধ্যমে সুসংহত করে অর্থনীতিতে তার নির্ধারিত ভূমিকা পালনের সুযোগ করে দেয়ার লক্ষ্যে কর্তৃপক্ষ কাজ করছে। সঠিকভাবে পরিচালনার মাধ্যমে বীমা শিল্পকে সামাজিক নিরাপত্তা প্রতিষ্ঠার কৌশল হিসাবেও গড়ে তুলতে হবে। নতুন নতুন বীমা পরিকল্পনার মাধ্যমে সাধারণ জনসাধারণকে বীমার সাথে সম্পৃক্ত করতে হবে।

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ তাদের উপর অর্পিত দায়িত্ব সুষ্ঠুভাবে পালন করছে। তাদের নিরলস প্রচেষ্টার কারণে বীমা শিল্পে বর্তমানে সুবাতাস বহিতে শুরু করেছে। যথাযথ দিক-নির্দেশনা ও সহযোগিতার মাধ্যমে বীমা শিল্পকে দেশের অর্থনৈতিক উন্নয়নের হাতিয়ার হিসাবে গড়ে তুলার দায়িত্ব কর্তৃপক্ষেরই। আশাকরি কর্তৃপক্ষ তাদের এ দায়িত্ব নিপুনভাবে পালন করবে।

বীমা মেলা জনগণের মধ্যে আলোড়ন সৃষ্টি করুক, বীমার প্রসার ও প্রচার নিশ্চিত করুক বীমা মেলায় সর্বাঙ্গীন সফলতা কামনা করি।

এম,এ মান্নান এম.পি



মোঃ ইউনুসুর রহমান

সচিব

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

অর্থ মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

০৯ চৈত্র, ১৪২২

২৩ মার্চ, ২০১৬

আগামী ২৩-২৫ মার্চ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বীমা মেলা ২০১৬ অনুষ্ঠিত হতে যাচ্ছে জেনে আমি আনন্দিত। বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ব্যবস্থাপনায় সরকার ও বীমা সংশ্লিষ্টদের সহযোগিতায় আয়োজিত এই মেলার মাধ্যমে বীমা শিল্পের ব্যাপক প্রসার ঘটবে বলে আমি আশা করি।

মানুষের জীবন জীবীকার প্রতিটি মুহূর্তে মিশে আছে জীবন ও সম্পদের ঝুঁকি। ঝুঁকি আছে বলেই তা থেকে মুক্তি ও উপশম লাভের উপায় হিসেবে উদ্ভাবিত হয়েছে বীমা। তাই অর্থনৈতিক কর্মকাণ্ডের পরিসর বৃদ্ধির সাথে প্রয়োজন পড়ে বীমা সেবার সম্প্রসারণ। সে কারণেই বীমা শিল্প এখন একটি বহুল পরিচিত বাণিজ্যিক সেবা।


স্বাধীনতা উত্তরকালে বীমা খাতকে রক্ষায় এ শিল্পকে সরকার জাতীয়করণ করে। পরবর্তীতে সময়ের দাবীতে আশির দশকে বেসরকারী খাতকে বীমা শিল্পে অবদান রাখার সুযোগ প্রদান করা হয়। বর্তমানে রাষ্ট্রীয় দুইটি কর্পোরেশনের পাশাপাশি ৭৭টি বেসরকারী কোম্পানি বীমা সেবা প্রদান করছে।

বীমা যেমন একদিকে ব্যক্তি জীবনের আর্থিক নিরাপত্তা নিশ্চিত করে তেমনি সঞ্চয়েও উৎসাহিত করে। জনসাধারণের মাঝে বীমার এ সুফল ছড়িয়ে দিতে এ বীমা মেলা ভূমিকা রাখবে বলে আশা করি। উন্নত বীমা সেবা নিশ্চিত করার লক্ষ্যে কার্যকরী প্রশিক্ষণের মাধ্যমে বহির্বিদেশের সাথে সমতা রেখে দক্ষ জনবল গড়ে তোলা হচ্ছে। ইতিমধ্যেই বীমার মাধ্যমে সামাজিক নিরাপত্তা নিশ্চিত করার কৌশল হিসাবে বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা হচ্ছে।

এই মেলার মাধ্যমে রাষ্ট্রীয় ও ব্যক্তি মালিকানাধীন বিভিন্ন কোম্পানি তাদের বিভিন্ন বীমা পরিকল্পনা জনসাধারণের অবগতির জন্য তুলে ধরবে। বিভিন্ন প্রকাশনা, লিফলেট, ম্যাগাজিন ও অন্যান্য মাধ্যমে মেলায় আগত জনগণ বীমা শিল্প সম্পর্কে সম্যক ধারণা পাবে। বীমা সম্পর্কে মানুষের ভুল ধারণা নিরসনে এবং জনমনে বীমার প্রতি আস্থা সৃষ্টিতে এই মেলা বিশেষ অবদান রাখবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।

আশা করি বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক সংশ্লিষ্ট সকলের সহযোগিতায় আয়োজিত বীমা মেলা ২০১৬ তার অভিষ্ট লক্ষ্য অর্জনে সফল হবে এবং বীমা শিল্প সবার আস্থা অর্জনে সক্ষম হবে।

আমি আয়োজকদের ধন্যবাদ জানাই ও মেলার সাফল্য কামনা করি।


২৩.০৩.২০১৬

(মোঃ ইউনুসুর রহমান)



এম. শেফাক আহমেদ, একচ্যুয়ারি
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

বাণী

০৯ চৈত্র, ১৪২২

২৩ মার্চ, ২০১৬

বীমা শিল্প অর্থিক খাতের একটি গুরুত্বপূর্ণ অংশ। অর্থনৈতিক উন্নয়নে বীমা খাতের ভূমিকা সর্বজন স্বীকৃত। বাংলাদেশে বীমা শিল্প দীর্ঘদিন অবহেলিত ছিল। বীমা শিল্পের প্রয়োজনীয়তা উপলব্ধি করে আওয়ামী লীগ সরকার তাদের বিগত মেয়াদে Insurance Act 1938 রহিত করে প্রগতি ও উন্নয়নের লক্ষ্যে বীমা আইন ২০১০ জারী করে। একই সাথে বীমা শিল্পের নিয়মতান্ত্রিক উন্নয়ন ও বীমা গ্রাহকের স্বার্থ সমুন্নত রাখার লক্ষ্যে এবং বীমা আইনের সঠিক প্রয়োগ নিশ্চিত করার উদ্দেশ্যে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন ২০১০ অনুমোদন করে। উক্ত আইনের অধীনে ২০১১ সালের ২৭ জানুয়ারী বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের কার্যক্রম শুরু হয়।

বাংলার গণমানুষের প্রাণপ্রিয় ও অবিসংবাদিত নেতা, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সান্নিধ্যন্য বীমা খাতকে আধুনিক কলা কৌশলে সমৃদ্ধ করে সোনার বাংলা বিনির্মাণের অন্যতম হাতিয়ার হিসাবে গড়ে তোলাই আমাদের প্রথম ও প্রধান স্বপ্ন।

কর্তৃপক্ষ গঠনের পর হতে সরকারের নির্দেশনা, প্রেরণা ও সার্বিক সহযোগিতায় বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ তিনটি লক্ষ্য নিয়ে কাজ করছে। প্রথমত, বীমা শিল্পে নিয়ম-নীতি প্রতিষ্ঠার মাধ্যমে বিরাজমান বিশৃঙ্খলা ও অনিয়ম দূর করে দৃঢ় ভিতের উপর প্রতিষ্ঠিত করা। দ্বিতীয়ত, বীমা অর্থনৈতিক উন্নয়নের হাতিয়ার, একই সাথে সামাজিক নিরাপত্তা নিশ্চিত করার কৌশল। শিল্পের আধুনিকায়নের মাধ্যমে বীমা খাতকে দেশের সামগ্রিক অর্থনৈতিক উন্নয়নের সহায়ক শক্তি হিসাবে গড়ে তোলার পাশাপাশি নাগরিকদের সামাজিক নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে নতুন নতুন পরিকল্পনা প্রবর্তনের মাধ্যমে বীমার প্রসার। তৃতীয়ত, বিশ্বায়নের যুগে তথ্য প্রযুক্তির সঠিক ব্যবহার নিশ্চিত করে কর্তৃপক্ষকে আধুনিক, উন্নত ও দক্ষ প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার কার্যক্রম। ইতোমধ্যে, সরকার বীমাকে পরিকল্পিত শিল্প হিসেবে গড়ে তোলার সাথে সাথে সামাজিক নিরাপত্তা সৃষ্টির কৌশল হিসেবে ব্যবহারের লক্ষ্যে বীমা নীতি ২০১৪ গ্রহণ করেছে।

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ প্রতিষ্ঠার পর হতে বীমা কোম্পানি ও কর্পোরেশনের নিয়মতান্ত্রিক উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন কার্যক্রম পরিচালনার সাথে সাথে গ্রাহকদের স্বার্থ সংরক্ষণে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। বীমা শিল্পের সুষ্ঠু উন্নয়নের জন্য বিধি প্রবিধান জারীর মাধ্যমে যথাযথ নির্দেশনা প্রদান করা হচ্ছে। বীমা আইনের অধীনে বীমা দাবী সংক্রান্ত বিরোধ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে মহামান্য হাইকোর্টের অবসরপ্রাপ্ত বিচারপতির নেতৃত্বে বিরোধ নিষ্পত্তি কমিটি কাজ করছে।

বীমা শিল্পে প্রশিক্ষিত জনবল যোগানের জন্য বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে বীমা বিষয়ক কোর্স চালুকে উৎসাহিত করা হচ্ছে। বীমা কর্মীদের জন্য ৭২ ঘণ্টা প্রশিক্ষণ বাধ্যতামূলক করা হয়েছে। ইতোমধ্যে যুগোপযোগী ও আন্তর্জাতিকভাবে স্বীকৃত পদ্ধতি ব্যবহারের মাধ্যমে দেশের বীমা খাতের তদারকি ও উন্নয়নের যাত্রাকে গতিশীল করার লক্ষ্যে আইডিআরএ International Association of Insurance Supervisors (IAIS) এর সদস্যভুক্ত হয়েছে। আইডিআরএ সার্ক দেশসমূহের মধ্যে পারস্পরিক সহযোগীতা ও অভিজ্ঞতা বিনিময়ের উদ্দেশ্যে ০৬ ও ০৭ এপ্রিল ২০১৩ তারিখে প্রথম সার্ক ইন্স্যুরেন্স রেগুলেটরস্ কনফারেন্স ২০১৩ সফলভাবে আয়োজন করে।

বীমা খাতের উন্নয়নে তথ্য প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে কাজ করছে আইডিআরএ এবং এ উদ্যোগে সরকার ও বিশ্বব্যাংক সহযোগীতা করছে। এর ফলে একদিকে যেমন বীমা শিল্পের উপর নিবিড় নজরদারি করার সম্ভব হবে, তেমনি এ শিল্পের উন্নতি ও উৎকর্ষ সাধিত হবে।

এ মেলায় বীমা কোম্পানী ও কর্পোরেশন তাদের সেবার বিভিন্ন পরিকল্পনা জনসাধারণের অবগতির জন্য তুলে ধরবে। সর্বসাধারণ এ মেলায় অংশগ্রহণ করে বীমার প্রয়োজনীয়তা ও উপকারীতা সমন্ধে বুঝবে ও জানবে যা বীমা শিল্প সমন্ধে তাঁদের নেতিবাচক ধারণা দূরীভূত করতে সাহায্য করবে।

সাধারণ জনগণের মধ্যে বীমার প্রয়োজনীয়তা ছড়িয়ে দিতে হবে। বীমার উপকারীতা সমন্ধে গণমানুষ যখন বুঝতে পারবে তখনই কেবল বীমা শিল্পের প্রকৃত উন্নয়ন সম্ভব হবে। ফলে বীমার ব্যাপক ব্যাপ্তির মাধ্যমে দেশের জনগণের জীবন ও সম্পদের নিরাপত্তা নিশ্চিত তথা ভবিষ্যতকে নিশ্চিত করার লক্ষ্যে দেশের অর্থনীতিতে বীমা খাত যথাযথ ভূমিকা রাখবে। বীমা খাতের মাধ্যমে দেশের সমৃদ্ধি অর্জিত হবে এবং অর্থনৈতিক উন্নতি ত্বরান্বিত হবে।

আমি বীমা মেলা ২০১৬ এর উজ্জ্বল সাফল্য কামনা করছি।

এম. শেফাক আহমেদ, একচ্যুয়ারি



মোঃ কুদ্দুস খান

সভাপতি, বীমা মেলা আয়োজক কমিটি ২০১৬

সদস্য, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

বাণী

০৯ চৈত্র, ১৪২২

২৩ মার্চ, ২০১৬

দেশে প্রথমবারের মতো বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ২৩-২৫ মার্চ, বীমা মেলা ২০১৬ অনুষ্ঠিত হতে যাচ্ছে। বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ব্যবস্থাপনায় ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বি.আই.এ, বি.আই.এফ এবং বীমা সংশ্লিষ্টদের সহযোগিতায় আয়োজিত এই মেলার মাধ্যমে বীমা সম্পর্কে জনসচেতনতা সৃষ্টি হবে বলে আশা করি।

মানুষের জীবন জীবিকার প্রতিটি মুহূর্তে মিশে আছে জীবন ও সম্পদের ঝুঁকি। ঝুঁকি মোকাবেলায় জন্ম বীমার সৃষ্টি। বীমা মানুষের জীবন, স্বাস্থ্য ও সম্পদের আর্থিক নিরাপত্তা বিধান করে।

দেশের প্রায় ৭৬ টি বীমা কর্পোরেশন/কোম্পানী বীমা ব্যবসা করছে। দক্ষ জনবল তাদের প্রধান সমস্যা। এই মেলার মাধ্যমে রাষ্ট্রীয় ও ব্যক্তি মালিকানাধীন বিভিন্ন কোম্পানি তাদের বিভিন্ন বীমা পরিকল্পনা জনসাধারণের অবগতির জন্য তুলে ধরবে। বীমা সম্পর্কে মানুষের ভুল ধারণা নিরসনে এই মেলা অবদান রাখবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি। আস্থা সৃষ্টিতে এই মেলা সহায়ক হবে।


উন্নত বীমা সেবা নিশ্চিত করার লক্ষ্যে কার্যকরী প্রশিক্ষণের মাধ্যমে বহিঃবিশ্বের সাথে সমতা রেখে দক্ষ জনবল গড়ে তোলা হচ্ছে। ইতিমধ্যেই বীমার মাধ্যমে গ্রামীন দরিদ্র গোষ্ঠীর ভাগ্য উন্নয়নে পদক্ষেপ নেয়া হয়েছে।

জনবল দিয়ে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষকে শক্তিশালী করার পদক্ষেপ নেয়া হয়েছে। কর্তৃপক্ষ আরও শক্তিশালী হলে বীমার উন্নয়নে সহায়ক হবে। মেলায় দেশি-বিদেশী ৫০টির ও বেশি বীমা কর্পোরেশন/কোম্পানী অংশ নেবে। অংশগ্রহণকারীদের ধন্যবাদ জানাই।

মেলা আয়োজক কমিটির সদস্যগণ কঠোর পরিশ্রম করেছেন। তাদেরকে ধন্যবাদ জানাই। কর্তৃপক্ষের কর্মকর্তা-কর্মচারী ও বীমা কোম্পানী কর্মচারীগণ যারা বীমা মেলার আয়োজনের সাথে জড়িত তাদেরকেও ধন্যবাদ।

বীমা মেলা ২০১৬ সফল হউক।

মোঃ কুদ্দুস খান



জুবের আহমেদ খান
সদস্য, বীমা মেলা আয়োজক কমিটি ২০১৬
ও
সদস্য, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

বাণী

০৯ চৈত্র, ১৪২২
২৩ মার্চ, ২০১৬


বাংলাদেশ সরকার ও বাংলাদেশে ব্যবসারত কোম্পানি/কর্পোরেশনের সহযোগিতায় বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক আগামী ২৩-২৫ মার্চ বঙ্গবন্ধু আন্তঃজাতিক সম্মেলন কেন্দ্রে 'বীমা মেলা- ২০১৬' অনুষ্ঠিত হতে যাচ্ছে। মূলত জনসাধারণকে বীমা সম্পর্কে সঠিক ধারণা দেওয়া এবং এ বিষয়ক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যসহ বীমা শিল্পের প্রচার ও প্রসার ঘটানোর উদ্দেশ্যকে সামনে রেখেই বাংলাদেশের ইতিহাসে প্রথমবারের মত 'বীমা মেলা- ২০১৬' হতে অনুষ্ঠিত হতে যাচ্ছে।

বাংলাদেশের আর্থিক খাতের বিস্তৃত পরিসরে বীমা খাতের গুরুত্ব অপরিসীম। কোন দেশের অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত হওয়ার সাথে সাথে সে দেশের জনসাধারণের জীবন যাত্রার মানের যেমন উন্নয়ন ঘটতে থাকে তেমনি সেই দেশের বীমা শিল্পের প্রসারও ঘটে থাকে। কারণ দেশের মানুষ ও তাদের সম্পদের নানাবিধ ঝুঁকি প্রশমিত করতে বীমার কোন বিকল্প নেই। আর এই সত্যকে উপলব্ধি করেই বাংলাদেশ সরকার কর্তৃক বীমা শিল্পকে নিয়মতান্ত্রিক ধারায় পরিচালনার উদ্দেশ্যে বীমা অধিদপ্তরকে বিলুপ্ত করে তদস্থলে বিগত ২৬ শে জানুয়ারি, ২০১১ ইং তারিখে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ গঠন করা হয়।

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ তার সূচনা লগ্ন হতেই নানাবিধ সীমাবদ্ধতা থাকা স্বত্ত্বেও স্বল্প সংখ্যক জনবল নিয়ে চেয়ারম্যান মহোদয়ের বলিষ্ঠ নেতৃত্বে বীমা খাতে শৃঙ্খলা ফিরিয়ে আনা এবং উহার উন্নয়নে কাজ করে যাচ্ছে। আর এক্ষেত্রে অর্থ মন্ত্রণালয় বরাবরই প্রয়োজনীয় দিক নির্দেশনা ও সহযোগিতা প্রদান করে আসছে। বাংলাদেশ সরকার Insurance Act, 1938 রহিতপূর্বক উহার স্থলে বীমা আইন, ২০১০ প্রণয়নকরত: তা গেজেট আকারে প্রকাশ করেছে। বীমা শিল্পকে সুসংহত করার উদ্দেশ্যে সরকার 'জাতীয় বীমা নীতি- ২০১৪' প্রণয়ন করেছে। জাতীয় বীমা নীতিতে বীমা শিল্পে শৃঙ্খলা ফিরিয়ে আনা ও উহার উন্নয়নে দিক নির্দেশনা দেয়া হয়েছে।

এই খাতের বিরাজমান সমস্যা, অনিয়ম-অব্যবস্থাপনা এবং দুর্নীতি প্রতিরোধকপূর্বক এই খাতের নিয়মতান্ত্রিক ধারা নিশ্চিত করার লক্ষ্যে বিভিন্ন অনিয়ম ও দুর্নীতি চিরতরে মুলোৎপাটন করতে কর্তৃপক্ষ 'জিরো টলারেন্স' নীতি গ্রহণ করেছে। বিগত পাঁচ বছরে এই শিল্পের প্রবৃদ্ধি চোখে পড়ার মত। ২০১০ সালে দেশের মোট গ্রুস প্রিমিয়াম আয় ছিল ৭৫০৯২.৮ মিলিয়ন টাকা যা প্রায় ২৭ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ ইং সালে ৯৫২১৮.১৫ মিলিয়ন এ দাঁড়িয়েছে। কর্তৃপক্ষ অর্থমন্ত্রণালয়ের সহযোগিতায় নিরলসভাবে কাজ করে যাওয়ার পরেও বর্তমান উপলব্ধি হলো এই খাতে অধিকতর সাফল্য বয়ে আনবার জন্য জনসাধারণের মাঝে বীমা সম্পর্কে প্রয়োজনীয় জ্ঞানের অভাব ও বীমা জ্ঞান সম্পন্ন যোগ্য জনবলের অভাব দূরীকরণ অত্যন্ত প্রয়োজন। এজন্য যোগ্য জনবল গড়ে তোলার লক্ষ্যে বিশদ আকারে কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। ইতিমধ্যে দেশের কয়েকটি সরকারী ও বেসরকারী বিশ্ববিদ্যালয় এ বীমা বিষয়ক কোর্স চালু করা হয়েছে এবং অন্যান্য বিশ্ববিদ্যালয়গুলোতে এ বিষয়ক কোর্স প্রণয়ন করার উদ্দেশ্যে কর্তৃপক্ষের একজন সদস্যে নেতৃত্বে, অর্থমন্ত্রণালয়, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন ও বীমা বিষয়ে অভিজ্ঞ সরকারী ও বেসরকারী বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ ও বিশেষজ্ঞগণের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়েছে। বর্তমানে কমিটি কাজ করছে। 'বীমা মেলা- ২০১৬' সঠিকভাবে জনগণের মাঝে প্রয়োজনীয় বীমা বিষয়ক জ্ঞানের প্রসার ও সচেতনতা বৃদ্ধি এবং দেশের তরুণ ছাত্র সমাজের মধ্যে বীমা শিল্পে নিজের ক্যারিয়ার গড়ে তুলতে উদ্বুদ্ধকরণ এর মাধ্যমে সাফল্য বয়ে আনবে বলে 'বীমা মেলা- ২০১৬' এর আয়োজক কমিটির সদস্য হিসেবে আমি আশাবাদ ব্যক্ত করছি।

জুবের আহমেদ খান



সুলতান-উল-আবেদীন মোল্লা
সদস্য, বীমা মেলা আয়োজক কমিটি ২০১৬
ও
সদস্য, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

বাণী


০৯ চৈত্র, ১৪২২
২৩ মার্চ, ২০১৬

আমি অত্যন্ত আনন্দিত যে অর্থ-মন্ত্রণালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, বাংলাদেশ ইনসিওরেন্স এসোসিয়েশন এবং বাংলাদেশ ইন্স্যুরেন্স ফোরামের সম্মিলিত উদ্যোগে কর্তৃপক্ষের তত্ত্বাবধানে বীমা মেলা ২০১৬ অনুষ্ঠিত হচ্ছে। বীমা আইন ২০১০ প্রণয়নের পরে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগে বীমা নীতি ২০১৪ প্রণয়ন করে যার মাধ্যমে স্বল্প মেয়াদী, মধ্য মেয়াদী এবং দীর্ঘ মেয়াদী মোট ৫০ টি লক্ষ্যমাত্রা অর্জনের অঙ্গীকার রয়েছে। তারই আলোকে বাংলাদেশের ইতিহাসে এই প্রথমবারের মত বীমা মেলা অনুষ্ঠিত হচ্ছে।

বাংলাদেশ একটি প্রাকৃতিক দুর্যোগময় দেশ। এদেশে সচরাচর নানান ধরনের দুর্ঘটনায় জান-মালের ব্যাপক ক্ষয়-ক্ষতি সাধিত হচ্ছে। এসব দুর্ঘটনার ক্ষয়-ক্ষতি পরবর্তীতে কিছুটা হলেও কাটিয়ে ওঠার জন্য বীমা একটি গুরুত্বপূর্ণ মাধ্যম। পাশাপাশি ব্যক্তিগত নিরাপদ সঞ্চয়ের ক্ষেত্রেও বীমা মূখ্য ভূমিকা পালন করতে পারে। জাতীয় অর্থনীতিতে বীমা শিল্পের অবদান অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমাদের জিডিপিতে বীমা শিল্পের অবদান মাত্র ০.৩৬%। অথচ পার্শ্ববর্তী ভারতে ৪%। উন্নত বিশ্বে এই হার আরও বেশি।

বীমা শিল্পের অগ্রগতির জন্য সাধারণ জনগণের মধ্যে বীমা সম্পর্কে যে নেতি-বাচক ধারণা রয়েছে তা' দূরীভূত করার জন্য বীমা মেলা অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আমি অত্যন্ত আশাবাদী। বীমা ব্যবসা একটি বৃহৎ আকারের কর্মক্ষেত্র তৈরিতেও মূখ্য ভূমিকা পালন করছে এবং অদূর ভবিষ্যতে এই খাতে অধিক হারে শিক্ষিত ও দক্ষ জনবল নিয়োজিত হবে। তাই আমি নিশ্চিত যে ভবিষ্যতে দেশের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নে বীমা খাতের অবদান অধিক মাত্রায় বৃদ্ধি পেতে থাকবে।

প্রতি বছর অনুষ্ঠিত আয়কর মেলায় যেমন বিপুল সংখ্যক জনগণের আগ্রহ সৃষ্টি হয়েছে। আমি আশা করি একইভাবে বীমা মেলার মাধ্যমেও বিপুল জনসাধারণকে বীমার প্রতি আকৃষ্ট করা যাবে। আমি বীমা মেলা ২০১৬ এর সার্বিক সাফল্য কামনা করছি।



সুলতান-উল-আবেদীন মোল্লা



মোঃ মুরশিদ আলম

সদস্য, বীমা মেলা আয়োজক কমিটি ২০১৬

ও

সদস্য, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

বাণী

০৯ চৈত্র, ১৪২২


২৩ মার্চ, ২০১৬

মানুষের জীবন এবং সম্পত্তির আর্থিক ঝুঁকি হ্রাসের মাধ্যমে সঞ্চয় বৃদ্ধি ও সামগ্রিক অর্থনৈতিক উন্নয়নে বীমা ব্যবস্থা বিশ্বব্যাপী গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। বিশ্বব্যাপী ২০১৪ সালে ৪,৭৭৯ মার্কিন ডলারের প্রিমিয়াম অর্জিত হয়েছে যার মাত্র .০২% বাংলাদেশে অর্জিত হয়েছে। আমাদের দেশে বাৎসরিক জনপ্রতি মাত্র ৮ মার্কিন ডলার বীমাসেবা গ্রহণের ক্ষেত্রে ব্যয় করা হয়ে থাকে যেখানে ভারতে ৫৫ ডলার এবং শ্রীলংকাতে ৪০ ডলার ব্যয় করা হয়। মূলত বাংলাদেশের অধিকাংশ জনগণের বীমার সুবিধা সম্পর্কিত সঠিক ও পর্যাপ্ত ধারণা না থাকায় এ শিল্প উন্নত দেশ এমনকি পার্শ্ববর্তী ভারতের তুলনায় অনেক পিছিয়ে আছে।

আধুনিক বিশ্বের সাথে তালমিলিয়ে একটি যুগোপযোগী ও তথ্য প্রযুক্তি নির্ভর বীমা ব্যবস্থা প্রবর্তনের জন্য সরকার ২০১০ সালে বীমা আইন, ১৯৩৮ বাতিল করে নতুন আইন প্রণয়ন করেছে যা বীমা শিল্পের কার্যকর নিয়ন্ত্রণ ও গ্রাহকদের আরও অধিকতর নিরাপত্তা নিশ্চিত করেছে এবং এ আইন বাস্তবায়নের লক্ষ্যে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ প্রতিষ্ঠা করেছে। ২০১০ সালে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ প্রতিষ্ঠাকাল থেকেই এ শিল্পের উন্নয়নে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এ প্রচেষ্টার অংশ হিসেবে বীমা শিল্পের প্রচার ও প্রসারের লক্ষ্যে প্রথম বারের মত দেশে বীমা মেলা আয়োজন করা হয়েছে।

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের বিভিন্ন পদক্ষেপের ফলে বিগত ৫ বছরে বীমা শিল্পে উল্লেখযোগ্য অগ্রগতি ও উন্নয়ন হয়েছে। প্রতি বছর প্রিমিয়াম আয় বৃদ্ধির পাশাপাশি বীমা গ্রাহকদের সংখ্যাও বৃদ্ধি পেয়ে এ সেবার আওতায় আসছে যা দেশের অর্থনৈতিক উন্নয়ন ও আর্থিক ঝুঁকি হ্রাসের জন্য গুরুত্বপূর্ণ। বীমা সুবিধার বাস্তব চিত্র দেশের সর্বস্তরের জনগণের মাঝে পৌঁছে দেওয়ার লক্ষ্যে এবং এ শিল্পের বিকাশে বীমা মেলা আয়োজন একটি মাইলফলক হিসেবে কাজ করবে। দেশের সকল বীমা কোম্পানি/কর্পোরেশন এ মেলায় অংশগ্রহণের ফলে জনগণ সহজেই বিভিন্ন বীমা পরিকল্পনা (Product) এর তুলনামূলক সুবিধাদি সম্পর্কে অবগত হতে পারবে যা বীমা চাহিদা সৃষ্টি করবে।

বীমা শিল্পের উন্নয়নে এমন একটি মেলা আয়োজন করার জন্য এ মেলায় সাথে জড়িত সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি। আশা করছি দেশের জনগণকে আর্থিক সেবাভুক্তির (Financial Inclusion) মাধ্যমে সঞ্চয় প্রবণতা বৃদ্ধি এবং সর্বোপরি অর্থনৈতিক উন্নয়ন ও বাংলাদেশ সরকারের গৃহীত ভিশন ২০২১ বাস্তবায়নে এ মেলা কার্যকর ভূমিকা রাখবে।



মোঃ মুরশিদ আলম



BANGLADESH INSURANCE ASSOCIATION (BIA)

শেখ কবির হোসেন

প্রেসিডেন্ট

বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন

বাণী


০৯ চৈত্র, ১৪২২

২৩ মার্চ, ২০১৬

বীমা উন্নয়ণ ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের উদ্যোগে এবং বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশনের সহযোগীতায় দেশে আগামী ২৩-২৫শে মার্চ তিন দিন ব্যাপি বীমা মেলার আয়োজন করা হয়েছে। নিঃসন্দেহে বীমা মেলা একটি সময়োপযোগী ও গুরুত্বপূর্ণ পদক্ষেপ। বীমা শিল্পকে এগিয়ে নিয়ে যেতে হলে প্রচারনার কোন বিকল্প নেই। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জনাব শেখ হাসিনার সরকার ইতিমধ্যে বীমা শিল্পের ব্যাপক প্রচারের প্রয়োজনীয়তা অনুভব করে এসোসিয়েশন ও বীমা শিল্পে সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠানকে দিক নির্দেশনা দিয়েছে। তারই ফলস্বরূপ অর্থ মন্ত্রণালয়, বীমা উন্নয়ণ ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ ও বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশনের উদ্যোগ এবং জাতীয় বীমা নীতির স্বল্প মেয়াদী লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নের লক্ষ্যে আয়োজিত এই বীমা মেলা-২০১৬ প্রথম বারের মত বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন-কেন্দ্রে অনুষ্ঠিত হবে। বীমা মেলার প্রচারের প্রেক্ষিতে যে কার্যক্রম কর্তৃপক্ষ ও এসোসিয়েশন হাতে নিয়েছে তা অতি দ্রুত সুফল বয়ে আনবে বলে আমার বিশ্বাস।

গণ মাধ্যমে বীমা মেলার সংবাদ পৌছানোর জন্য উদ্যোগ নেওয়া হয়েছে, বীমা সমক্ষে মানুষকে সচেতন করতে সেমিনার ও বীমা দাবি নিঃস্পত্তির ব্যবস্থা রাখা হচ্ছে। সরাসরি দেশের প্রান্তিক জনগণকে উন্মুক্ত পরিবেশে সকলের সম্মুখে বীমা দাবী নিঃস্পত্তি করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। বীমা শিল্পকে এগিয়ে নিয়ে যেতে এবং সমাজের মানুষের জীবন ও সম্পত্তির ঝুঁকি মোকাবেলায় বীমার তাৎপর্য ব্যাপক ভাবে প্রচার করা হবে।

বীমা শিল্পকে এগিয়ে নিয়ে যেতে বীমা মেলা, ট্রেনিং, সেমিনার, বিজ্ঞাপন ও তথ্য যোগাযোগ মাধ্যমের কোন বিকল্প নেই। আমি আশা করি বীমা শিল্পকে এগিয়ে নিয়ে যেতে এ সকল প্রচার মাধ্যম প্রতিনিয়ত চলতে থাকবে। বীমা শিক্ষায় মানুষ শিক্ষিত হবে, বীমার মাধ্যমে মানুষ সুরক্ষা পাবে এবং উন্নত দেশের মত বাংলাদেশেও বীমা মানুষের জন্য বাধ্যতামূলক হবে।


শেখ কবির হোসেন



বি এম ইউসুফ আলী

মহাসচিব

বীমা মেলা আয়োজক কমিটি-২০১৬
প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্স্যুরেন্স ফোরাম

ও

সিইও, পপুলার লাই ইন্স্যুরেন্স কোঃ লিঃ

বাণী

০৯ চৈত্র, ১৪২২

২৩ মার্চ, ২০১৬

বাংলাদেশে প্রথমবারের মত ‘বীমা মেলা’ অনুষ্ঠিত হচ্ছে এবং এ উপলক্ষ্যে একটি স্মরণিকা প্রকাশিত হবে জেনে আমি আনন্দিত। বীমা মেলা অনুষ্ঠিত হওয়ায় এ শিল্পের সাথে সংশ্লিষ্ট আমরা সবাই উদ্বীণ। সরকারের সক্রিয় সহযোগিতা এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (আইডিআরএ) এর উদ্যোগে ২৩-২৫ মার্চ ২০১৬, বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে এ মেলা অনুষ্ঠিত হচ্ছে। বস্তুতঃ বীমা বিষয়ে জনসাধারণের সচেতনতা বৃদ্ধি করা, এর ইতিবাচক দিকগুলো সম্পর্কে তাঁদেরকে যথাযথভাবে অবহিত ও আকৃষ্ট করাই এ মেলার মূখ্য উদ্দেশ্য। বীমা মেলা আয়োজনের সাথে ওতপ্রোতভাবে সম্পৃক্ত থাকায় এ স্মরণিকা প্রকাশে যাঁরা তথ্যসমৃদ্ধ লেখা, বিজ্ঞাপন এবং আর্থিকভাবে সহায়তা দিয়েছেন তাঁদের সবাইকে আমি আন্তরিক শুভেচ্ছা ও ধন্যবাদ জানাই।

বাংলাদেশের সাধারণ মানুষের মধ্যে বীমা সম্পর্কে সঠিক ধারণা না থাকায় আশানুরূপভাবে বীমার প্রসার হচ্ছে না এবং এ খাত থেকে কাঙ্ক্ষিত ফলাফল হতেও জাতি বঞ্চিত হচ্ছে। জাতীয় বীমা নীতি ২০১৪ এর লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নে আয়োজিত এ মেলা বীমা শিল্পে এক নতুন দিগন্তের সূচনা করবে বলে আমি বিশ্বাস করি। দেশের আর্থিক খাতকে সমৃদ্ধ করার জন্য বীমা শিল্পের উন্নয়ন ও সম্প্রসারণের কোন বিকল্প নেই। বীমা শিল্পকে আরো গতিশীল করার জন্য বর্তমান সরকার এ শিল্পকে বাণিজ্য মন্ত্রণালয় থেকে অর্থ মন্ত্রণালয়ে ন্যস্ত করে এবং ২০১০ সালে বীমা আইন প্রণয়নের মাধ্যমে বিদ্যমান বীমা অধিদপ্তরের বিলুপ্তি ও তদস্থলে ‘বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ’ (আইডিআরএ) গঠন করে।

বাংলাদেশের জিডিপিতে বীমার অবদান কম নয়। এ শিল্পে বছরে প্রায় ৮ হাজার কোটি টাকার ব্যবসা পরিচালিত হয়। সরকারের পক্ষ থেকে যথাযথ পৃষ্ঠপোষকতা পেলে আমার বিশ্বাস এ শিল্প থেকে বছরে ৩০/৪০ হাজার কোটি টাকার ব্যবসা করা এবং সে অনুপাতে অধিক হারে সরকারী রাজস্ব আদায় সহজেই সম্ভব। একই সাথে এ খাতে নারী/পুরুষ উভয়ের কর্মসংস্থানেরও ব্যাপক সুযোগ সৃষ্টি হবে, যা দেশের বেকার সমস্যা সমাধানে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। আমাদের প্রত্যাশা, বীমাকে অধিকতর গনমুখী করার স্বার্থে জাতীয় বীমা নীতির দিক নির্দেশনা অনুযায়ী সরকার বছরের একটি দিনকে ‘বীমা দিবস’ হিসেবে ঘোষণা করবেন যা কেন্দ্রীয়ভাবে উদযাপনের পাশাপাশি জেলা ও উপজেলা পর্যায়েও পালিত হবে। এর ফলে গণসচেতনতা ও বীমার সম্প্রসারণ ব্যাপকভাবে বৃদ্ধি পাবে বলে আমি মনে করি।

পরিশেষে, বীমা মেলার সফলতা কামনা করছি এবং একই সাথে ভবিষ্যতে অনুষ্ঠিতব্য বীমা মেলা অধিকতর জাঁকজমকের সাথে পালিত হবার আশাবাদ ব্যক্ত করছি।

বি এম ইউসুফ আলী

বীমা মেলা কমিটি/উপ-কমিটির প্রধানগণ

বীমা মেলা কমিটি-২০১৬

সভাপতি-জনাব মোঃ কুদ্দুস খান

মহাসচিব-জনাব বি এম ইউসুফ আলী

বীমা মেলা অর্থ উপ-কমিটি

চেয়ারম্যান-জনাব জুবের আহমেদ খাঁন

কো-চেয়ারম্যান-জনাব ফারজানা চৌধুরী

বীমা মেলা তথ্য/পরামর্শ/অভিযোগ, স্টলবরাদ্দ ও ব্যবস্থাপনা উপ-কমিটি

চেয়ারম্যান-জনাব সুলতান-উল-আবেদীন মোল্লা

কো-চেয়ারম্যান-জনাব বি এম ইউসুফ আলী

বীমা মেলা অনুষ্ঠান উপ-কমিটি

চেয়ারম্যান-জনাব সুলতান-উল-আবেদীন মোল্লা

কো-চেয়ারম্যান-জনাব ফারজানা চৌধুরী

বীমা মেলা প্রচার ও সৃষ্টিভিত্তিক প্রকাশনা উপ-কমিটি


চেয়ারম্যান-জনাব মোঃ মুরশিদ আলম

কো-চেয়ারম্যান-জনাব মোঃ হেমায়েত উল্লাহ

বীমা মেলা অভ্যর্থনা কমিটি

বীমা মেলা আয়োজক মূল কমিটি-২০১৬

বীমা মেলা আয়োজক কমিটি / উপ-কমিটি



জনাব মোঃ কুদ্দুস খান
সভাপতি, বীমা মেলা কমিটি ২০১৬
সদস্য, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ



জনাব জুবের আহমেদ খাঁন
সদস্য, বীমা মেলা কমিটি ২০১৬
সদস্য, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ



জনাব সুলতান-উল-আবেদীন মোল্লা
সদস্য, বীমা মেলা কমিটি ২০১৬
সদস্য, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ




জনাব মোঃ মুরশিদ আলম
সদস্য, বীমা মেলা কমিটি ২০১৬
সদস্য, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ




জনাব মোঃ শফিকুল ইসলাম
সদস্য, বীমা মেলা কমিটি ২০১৬
যুগ্ম সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়



জনাব ডঃ এ. আর. এম. তারেক, যুগ্ম সচিব
সদস্য, বীমা মেলা কমিটি ২০১৬
জিএম, জীবন বীমা কর্পোরেশন



জনাব মোহাম্মদ আবদুস সালাম
সদস্য, বীমা মেলা কমিটি ২০১৬
জিএম, সাধারণ বীমা কর্পোরেশন



জনাব আহমেদুর রহিম (যুগ্ম সচিব)
সদস্য, বীমা মেলা কমিটি ২০১৬
পরিচালক, বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি



জনাব বি.এম ইউসুফ আলী
মহাসচিব, বীমা মেলা কমিটি ২০১৬
সিইও, পপুলার লাইফ ইন্স্যুরেন্স কোঃ লিঃ ও
প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্স্যুরেন্স ফোরাম



জনাব ফজলুল হক খান, সিইও
সদস্য, বীমা মেলা কমিটি ২০১৬
সিইও, জনতা ইন্স্যুরেন্স কোম্পানী লিঃ ও
সেক্রেটারী, বাংলাদেশ ইন্স্যুরেন্স ফোরাম

বীমা মেলা আয়োজক কমিটি / উপ-কমিটি



জনাব আহসানুল ইসলাম টিটু
সদস্য, বীমা মেলা কমিটি ২০১৬
সহ-সভাপতি বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন
সিইও, সন্ধানী লাইফ ইন্স্যুরেন্স কোঃ লিঃ



জনাব মোঃ হেমায়েত উল্লাহ
সদস্য, বীমা মেলা কমিটি ২০১৬
প্রতিনিধি বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন
সিইও, ফারিস্ট ইসলামী লাইফ ইন্স্যুরেন্স কোঃ লিঃ



জনাব ফারজানা চৌধুরী
সদস্য, বীমা মেলা কমিটি ২০১৬
প্রতিনিধি বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন
সিইও, গ্রীন ডেন্টা ইন্স্যুরেন্স কোঃ লিঃ



জনাব নিশীথ কুমার সরকার
সেক্রেটারি জেনারেল
বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন



জনাব মোঃ রশিদুল আহসান হাবিব,
সদস্য-সচিব, বীমা মেলা কমিটি ২০১৬
সদস্য, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ




জনাব এবিএম নুরুল হক
সদস্য, অনুষ্ঠান উপ-কমিটি, বীমা মেলা ২০১৬
কনসালটেন্ট, মেঘনা ইন্স্যুরেন্স কোঃ লিঃ



জনাব মোঃ জালালুল আজিম
সদস্য, অনুষ্ঠান উপ-কমিটি, বীমা মেলা ২০১৬
সিইও, প্রগতি লাইফ ইন্স্যুরেন্স লিঃ



জনাব পি. কে. রায়
সদস্য, অনুষ্ঠান উপ-কমিটি, বীমা মেলা ২০১৬
সিইও, রূপালী ইন্স্যুরেন্স লিঃ



জনাব জামাল মোঃ আবু নাসের
সদস্য, অনুষ্ঠান উপ-কমিটি, বীমা মেলা ২০১৬
সিইও, ন্যাশনাল লাইফ ইন্স্যুরেন্স কোঃ লিঃ ও
ফাইন্যান্স সেক্রেটারী, বাংলাদেশ ইন্স্যুরেন্স ফোরাম



জনাব মোঃ জাহিদ আনোয়ার খান
সদস্য, স্টল বরাদ্দ ও ব্যবস্থাপনা উপ-কমিটি, বীমা
মেলা ২০১৬
সিইও, সেন্ট্রাল ইন্স্যুরেন্স কোঃ লিঃ ও
কার্যনির্বাহী সদস্য, বাংলাদেশ ইন্স্যুরেন্স ফোরাম



জনাব মুন্সী মোঃ মনিরুল আলম
সদস্য, স্টল বরাদ্দ ও ব্যবস্থাপনা উপ-কমিটি, বীমা
মেলা ২০১৬
সিইও, গার্ডিয়ান লাইফ ইন্স্যুরেন্স কোঃ লিঃ



জনাব এ. কে. এম শরীফুল ইসলাম
সদস্য, স্টল বরাদ্দ ও ব্যবস্থাপনা উপ-কমিটি, বীমা মেলা ২০১৬
সিইও, ডায়মন্ড লাইফ ইন্স্যুরেন্স কোঃ লিঃ ও
অর্গানাইজিং সেক্রেটারী, বাংলাদেশ ইন্স্যুরেন্স ফোরাম

বীমা মেলা আয়োজক কমিটি / উপ-কমিটি




জনাব এস. এম. ইব্রাহীম হোসেন
সদস্য, অনুষ্ঠান উপ-কমিটি, বীমা মেলা ২০১৬
ফ্যাকাল্টি মেম্বর, বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি



জনাব ড. চৌধুরী মোহাম্মদ ওয়াসিউদ্দিন
সদস্য, স্টল বরাদ্দ ও ব্যবস্থাপনা উপ-কমিটি,
বীমা মেলা ২০১৬
অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক
পদ্মা ইসলামী লাইফ ইন্স্যুরেন্স কোঃ লিঃ




জনাব পাপিয়া রহমান
সদস্য, অনুষ্ঠান উপ-কমিটি, বীমা মেলা ২০১৬
এক্সিকিউটিভ ডিরেক্টর, গ্রীন ডেন্টা ইন্স্যুরেন্স কোঃ লিঃ



জনাব এম.এইচ মিরাজ হোসেন
সদস্য, প্রচার ও সৃষ্টির উপ-কমিটি, বীমা মেলা ২০১৬
জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি



জনাব বিএম শওকত আলী
সদস্য, স্টল বরাদ্দ ও ব্যবস্থাপনা উপ-কমিটি, বীমা মেলা ২০১৬
অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক, পপুলার লাইফ ইন্স্যুরেন্স কোঃ লিঃ



জনাব মঈনউদ্দিন
সদস্য, স্টল বরাদ্দ ও ব্যবস্থাপনা উপ-কমিটি, বীমা মেলা ২০১৬
অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক, গ্রীণ ডেন্টা ইন্স্যুরেন্স কোঃ লিঃ



জনাব নুসরাত জাহান
সদস্য, স্টল বরাদ্দ ও ব্যবস্থাপনা উপ-কমিটি, বীমা
মেলা ২০১৬
এস.এ.ভি.পি, রূপালী লাইফ ইন্স্যুরেন্স কোঃ লিঃ



জনাব সামিরা ইউনুস
সদস্য, অনুষ্ঠান উপ-কমিটি, বীমা মেলা ২০১৬
এসভিপি, ফারইস্ট ইসলামী লাইফ ইন্স্যুরেন্স কোঃ লিঃ



জনাব এনামুল হক খান
সদস্য, অর্থ উপ-কমিটি, বীমা মেলা ২০১৬
উপসচিব, বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন



জনাব মোঃ মনিরুল ইসলাম
সদস্য, স্টল বরাদ্দ ও ব্যবস্থাপনা উপ-কমিটি,
বীমা মেলা ২০১৬
এ্যাসিস্ট্যান্ট ম্যানেজার, মেটলাইফ



জনাব সুমন মিয়া
সদস্য, অর্থ উপ-কমিটি, বীমা মেলা ২০১৬
এক্সিকিউটিভ অফিসার, বাংলাদেশ ইন্স্যুরেন্স
এসোসিয়েশন




জনাব কাজী তানভীর হোসেন
সদস্য, অর্থ উপ-কমিটি, বীমা মেলা ২০১৬
সিনিয়র কমিউনিকেশন অফিসার
গ্রীন ডেন্টা ইন্স্যুরেন্স কোঃ লিঃ

বীমা মেলা আয়োজক কমিটি / উপ-কমিটি



জনাব মোঃ আবু মাহমুদ
সদস্য, অর্থ উপ-কমিটি, বীমা মেলা ২০১৬
অফিসার, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ



জনাব হাসান রহমান
সদস্য, স্টল বরাদ্দ ও ব্যবস্থাপনা উপ-কমিটি, বীমা মেলা ২০১৬
পরিচালক, একাডেমী অফ লার্গিং



জনাব মোঃ দেলোয়ার হোসেন
সদস্য-সচিব, অর্থ উপ-কমিটি, বীমা মেলা ২০১৬
অফিসার, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ



জনাব মোঃ আবুল হাসনাত
সদস্য-সচিব, স্টল বরাদ্দ ও ব্যবস্থাপনা উপ-কমিটি
বীমা মেলা ২০১৬
অফিসার, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ



জনাব মোঃ শামসুল আলম খান
সদস্য-সচিব, অনুষ্ঠান উপ-কমিটি, বীমা মেলা ২০১৬
অফিসার, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ



জনাব তানিয়া আফরিন
সদস্য-সচিব, প্রচার ও সৃষ্টির উপ-কমিটি
বীমা মেলা ২০১৬
জনসংযোগ কর্মকর্তা, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

বীমার সংক্ষিপ্ত ইতিহাস

নীতি প্রণয়নের পটভূমি

মানুষের জীবন, স্বাস্থ্য ও সম্পত্তির ঝুঁকি আবহমান কালের। অতি প্রাচীনকাল থেকেই মানুষ সামাজিকভাবে ঝুঁকি, ক্ষয়-ক্ষতি, দুর্ভিক্ষ ইত্যাদি মোকাবেলা করে আসছে। সময়ের বিবর্তনে মানুষের জ্ঞান, বিজ্ঞান ও উদ্ভাবনী প্রচেষ্টার ক্রমবিকাশে এ সকল কার্যক্রমের ব্যাপকতা ও গ্রহণযোগ্যতা বাড়তে থাকে। এভাবেই এয়োদশ শতাব্দীতে বীমা কোম্পানির গোড়াপত্তন ঘটে। ভারতবর্ষে ১৮১৮ সালে প্রাতিষ্ঠানিকভাবে বীমার যাত্রা শুরু হলেও ১৯০৭ সালে বঙ্গপ্রদেশে বীমার প্রথম প্রচলন হয়। ১৯১২ সালে প্রথম বীমা বিধি প্রণীত হয় এবং ১৯৩৮ সালে বীমা আইন কার্যকর হয়, যার আলোকে বীমা পরিচালিত হতো। ব্রিটিশ পরবর্তী সময় অর্থাৎ ১৯৪৭ থেকে ১৯৭০ সাল পর্যন্ত ৭৫টি বীমা কোম্পানি এ অঞ্চলে বীমা ব্যবসায় লিপ্ত ছিল। স্বাধীনতার পর যুদ্ধ-বিদ্রোহ অর্থনীতি পুনর্গঠনের প্রয়োজনে ১৯৭২ সালের ০৮ আগস্ট এক অধ্যাদেশের মাধ্যমে সকল বীমা কোম্পানি রাষ্ট্রীয় নিয়ন্ত্রণে আনা হয়। জাতীয়করণ অধ্যাদেশ অনুযায়ী দেশে বীমা শিল্প পরিচালনার জন্য ৫টি কর্পোরেশন গঠন করা হয়। ১৯৭৩ সালের ১৪ মে উক্ত ৫টি কর্পোরেশন ভেঙ্গে রাষ্ট্রীয় দু'টি প্রতিষ্ঠান জীবন বীমা কর্পোরেশন এবং সাধারণ বীমা কর্পোরেশন প্রতিষ্ঠা করা হয়। তাদের পাশাপাশি পোস্টাল লাইফ ইস্যুরেন্স ও আমেরিকান লাইফ ইস্যুরেন্স কোম্পানি লিঃ তাদের কার্যক্রম পরিচালনা করে আসছিল। পরবর্তীতে শিল্পের প্রসার ও উন্নয়নের লক্ষ্যে সরকার The Insurance Corporation (Amendment) Ordinance, 1984 এর মাধ্যমে বেসরকারি খাতে বীমা প্রতিষ্ঠান গঠনের সুযোগ প্রদান করে। ফলশ্রুতিতে ১৯৮৫ সালে বেসরকারি মালিকানাধীন ২৪টি সাধারণ বীমা ও ৫টি জীবন বীমা কোম্পানি প্রতিষ্ঠিত হয়। বর্তমানে দেশে ৪৬ টি সাধারণ বীমা ও ৩১ টি জীবন বীমা প্রতিষ্ঠান তাদের কার্যক্রম পরিচালনা করছে, যার মধ্যে রাষ্ট্রীয় ২টি বীমা প্রতিষ্ঠান রয়েছে। এগুলোর উপর কার্যকর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করে বীমা শিল্পের নিয়মতান্ত্রিক উন্নয়নের মাধ্যমে বীমা পলিসি গ্রাহক ও পলিসির অধীনে উপকারভোগীদের স্বার্থ সংরক্ষণ আবশ্যিক। সরকার বীমা বিষয়ে বিধি-বিধান প্রণয়নসহ নানাবিধ সংস্কার কর্মসূচির মাধ্যমে বীমাশিল্পকে গতানুগতিক ধারা থেকে নিয়মতান্ত্রিক ধারায় চালিত করার প্রয়াস চালিয়ে আসছে, যার ব্যাপক প্রভাব ও সুফল ইতিমধ্যে বাংলাদেশের বীমাশিল্পে পরিলক্ষিত হচ্ছে।

বাংলাদেশের প্রেক্ষাপটে বীমা মার্কেট

বাংলাদেশের বীমা বাজার এখনো অসম্পূর্ণ (fragmented) পণ্যমূল্য ও বিতরণ প্রতিযোগিতা প্রচণ্ড বেশী। পেনিট্রেশন রেট এখনো অতি নিম্ন বিধায় এ বাজার অত্যন্ত সম্ভাবনাপূর্ণ। জিডিপি অনুপাতে প্রিমিয়াম মাত্র ০.৯% যার ০.৭% লাইফ এবং ০.২% নন-লাইফ। এ বাজারে অংশগ্রহণ করছে ৭৬ টি দেশী বীমাকারী প্রতিষ্ঠান, জীবন বীমার একটি বিদেশী প্রতিষ্ঠান। রাষ্ট্রীয় নন-লাইফ প্রতিষ্ঠানটি সরকারি সম্পত্তির যাবতীয় বীমা অবলেখন করে থাকে; তবে তার ৫০% প্রিমিয়াম ১৯৮৪ সালের আইনের এক সংশোধনী মোতাবেক বেসরকারি বীমাকারীদেরকে বিতরণ করে থাকে। এ দেশে মৌলিক ঝুঁকির প্রকৃত প্রতিফলন প্রিমিয়াম হারে ও বীমার প্রতিশনে বেশীরভাগ ক্ষেত্রেই ঘটে না। প্রিমিয়ামের অতিমাত্রায় ডিসকাউন্ট অপরিাপ্ত সঞ্চিতির ঝুঁকি সৃষ্টি করে। Bancassurance একটি প্রতিষ্ঠিত উল্লেখযোগ্য বিতরণ চ্যানেল হলেও বাংলাদেশে এখনো তা চালু হয়নি, অথচ ব্যাংকের মাধ্যমে বীমাপণ্য বাজারজাত করার ব্যাপক সম্ভাবনা রয়েছে। বীমা শিল্পের কার্যক্রম নিবিড়ভাবে তদারকির উদ্দেশ্যে ২০১১ সালে প্রায় অকার্যকর নিয়ন্ত্রক সংস্থা 'বীমা অধিদপ্তর' বিলুপ্ত করে ২০১১ সালে 'বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ' (আইডিআরএ) গঠিত হয়েছে।

বাংলাদেশে বীমার বর্তমান ও ভবিষ্যৎ

ভূমিকাঃ আধুনিক সভ্যতায় বীমা একটি বহুল আলোচিত বিষয়। মানুষের জীবন ও সম্পদের ঝুঁকির পরিধি সভ্যতার বিকাশের সাথে বাড়ছে। সড়ক, নৌ ও আকাশ পথে যান চলাচল বৃদ্ধির প্রেক্ষাপটে ঝুঁকিও বাড়ছে। প্রাকৃতিক দুর্যোগ, ঘূর্ণিঝড়, ভূমিকম্প ইত্যাদি বৃদ্ধি পাচ্ছে। জলোচ্ছাস, অগ্নিকাণ্ড ইত্যাদি বৈশ্বিক উষ্ণতার কারণে বেড়েই চলেছে। এসব প্রাকৃতিক ও মানব সৃষ্ট দুর্যোগের ঝুঁকি মোকাবেলায় বীমা সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছে। বীমা মানুষের মৃত্যু, স্বাস্থ্য বা সম্পদের ক্ষতি ঠেকাতে না পারলেও উহার ফলশ্রুতিতে ব্যক্তি বা তার পরিবারের জীবনে যে অনিশ্চয়তা নেমে আসে বিশেষ করে যে আর্থিক দুর্গতি সৃষ্টি হয় উহা থেকে পরিত্রাণের পথ দেখাতে পারে বীমা। বীমা করা থাকলে মানুষ তার বা তার পরিবারের সদস্যদের জীবন ও সম্পদের ঝুঁকিও মোকাবেলা করতে সক্ষম হয়। তাই শ্লোগান উঠেছে “নিরাপদ জীবনের জন্য বীমা চাই।”

২। বাংলাদেশ অঞ্চলে বীমার প্রচলন হয় বৃটিশের উপ-নিবেশিক শাসন আমলে। ১৯৩৮ সনের বীমা আইন, ১৯৫৮ সনের বীমা বিধি বীমার ইতিহাসেরই অংশ। বর্তমান সরকার ২০০৮ সনে ক্ষমতায় এসে বীমার অগ্রযাত্রাকে ত্বরান্বিত করার জন্য আইনী ও নীতিগত সংস্কার হাতে নেয়। বীমা আইন, ১৯৩৮ বিলুপ্ত করে উহার স্থলে বীমা আইন, ২০১০ চালু করে। সাথে সাথে বীমা অধিদপ্তর বিলুপ্ত করে উহার স্থলে আইনের মাধ্যমে ২০১১ সনে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (IDRA) গঠন করা হয়। কর্তৃপক্ষ গঠনের মধ্য দিয়ে সরকার বীমার গুরুত্বের স্বীকৃতি প্রদান করে। দেশের ব্যাংকসমূহ নিয়ন্ত্রণের জন্য যেমন বাংলাদেশ ব্যাংক ঠিক তেমনি দেশের বীমা কোম্পানি/কর্পোরেশনসমূহ নিয়ন্ত্রণের জন্য গঠন করা হয় বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (IDRA)। ২০১১ সনের ২৬শে জানুয়ারি এই কর্তৃপক্ষ গঠিত হয়। সরকার কর্তৃক নিযুক্ত একজন চেয়ারম্যান ও ৪ জন সদস্য নিয়ে এই কর্তৃপক্ষ গঠিত। জনস্বার্থে বীমা ব্যবসা নিয়ন্ত্রণ, বীমা গ্রহকদের স্বার্থ সংরক্ষণ ও বীমা ব্যবসার উন্নয়নই কর্তৃপক্ষের কাজ। কর্তৃপক্ষের কাজে সহযোগিতার জন্য দুটি বিধিবদ্ধ কমিটি রয়েছে। একটি হচ্ছে বীমা দাবী নিষ্পত্তির জন্য ‘বিরোধ নিষ্পত্তি কমিটি (বিনিক)’ এবং অন্যটি হচ্ছে নন-লাইফ ইন্স্যুরেন্স এর প্রিমিয়াম হার নির্ধারণের জন্য গঠিত ‘সেন্ট্রাল রেটিং কমিটি (সিআরসি)। ৫ সদস্য বিশিষ্ট বিরোধ নিষ্পত্তি কমিটি মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের একজন অবসর প্রাপ্ত বিচারপতির নেতৃত্বে গঠিত এবং সিআরসি কর্তৃপক্ষের চেয়ারম্যানের নেতৃত্বে বীমা কর্পোরেশন/কোম্পানির প্রতিনিধিদের নিয়ে গঠিত।

৩। স্বল্প অঙ্কের লাইফ ইন্স্যুরেন্স ও নন-লাইফ ইন্স্যুরেন্স এর বীমা দাবী সংশ্লিষ্ট বিরোধ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (IDRA) নিষ্পত্তি করে থাকে (বীমা আইনের ধারা ৭১)। বীমা আইনের ৭১ ধারার অধীন আনীত বীমাদাবী সংশ্লিষ্ট বিরোধ ব্যতীত বীমাদাবী ও বীমা পলিসি গ্রাহকদের মধ্যকার বীমাদাবী সম্পর্কিত উদ্ভূত অন্যান্য বিরোধ ‘বিরোধ নিষ্পত্তি কমিটি’ নিষ্পত্তি করে থাকে। প্রবিধান মোতাবেক লাইফ ইন্স্যুরেন্স সংক্রান্ত ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার নীচের দাবীর বিরোধ কর্তৃপক্ষ এবং ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা ও তদুর্ধ্ব পরিমানের দাবীর বিরোধ ‘বিরোধ নিষ্পত্তি কমিটি’ নিষ্পত্তি করে। নন-লাইফ ইন্স্যুরেন্স সংক্রান্ত ৫,০০০০০/- (পাঁচ লক্ষ) টাকার নিচের দাবী বিরোধ কর্তৃপক্ষ এবং ৫,০০০০০/- (পাঁচ লক্ষ) টাকা বা তদুর্ধ্ব পরিমানের দাবীর বিরোধ ‘বিরোধ নিষ্পত্তি কমিটি (বিনিক)’ নিষ্পত্তি করে। স্বল্প অঙ্কের দাবীর বিরোধের ক্ষেত্রে (বীমা আইনের ৭১ ধারা) কোনও ফি ছাড়াই আবেদন করা যায়। তবে বিরোধ নিষ্পত্তি কমিটির নিকট আবেদন করতে হলে বীমা দাবীর ২% ভাগ টাকা পে-অর্ডার/ড্রাফট আকারে আবেদনের সাথে জমা দিতে হয়। বিরোধ নিষ্পত্তি কমিটি ২০১৫ সনে গঠিত হয়। এই কমিটি কতিপয় দাবীর বিরোধের নিষ্পত্তি ইতোমধ্যে করেছে। বেশকিছু সংখ্যক দাবী নিষ্পত্তির অপেক্ষায় আছে। কর্তৃপক্ষ স্বল্প অঙ্কের বীমা দাবীর উল্লেখযোগ্য সংখ্যক অভিযোগ ইতোমধ্যে নিষ্পত্তি করেছে।

৪। বীমা আইন ২০১০ এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন ২০১০ এর আওতায় ০৪ (চার) টি বিধিমালা এবং ০৮ (আট) টি প্রবিধানমালা গেজেট আকারে প্রকাশিত হয়েছে। এছাড়াও ০২ (দুই) টি বিধিমালা ও ০৬ (ছয়) টি প্রবিধানমালা

গেজেট আকারে প্রকাশের জন্য অপেক্ষাধীন আছে। বাকি ৩১ (একত্রিশ) টি বিধি/ প্রবিধানমালা চূড়ান্ত করার নিমিত্তে বিভিন্ন পর্যায়ে প্রক্রিয়াধীন রয়েছে। প্রণীতব্য বিধি/প্রবিধান ক্রমান্বয়ে বাস্তবায়িত হলে বীমা শিল্পে উল্লেখযোগ্য সংস্কার ও উন্নয়ন সাধন সম্ভব হবে। বীমা খাতের অনিয়ম অনেকাংশে কমে আসবে।

৫। কর্তৃপক্ষের পরিদর্শক দল এ যাবৎ দেশের বিভিন্ন বীমা কোম্পানি সমূহের ২৫০ টি শাখা অফিসে পরিদর্শন কার্যক্রম পরিচালনা করেছে। পরিদর্শন প্রতিবেদনে বর্ণিত অনিয়ম সমূহের উপর ভিত্তি করে সংশ্লিষ্ট কোম্পানীর সাথে কর্তৃপক্ষ শুনানীর আয়োজন করে এবং প্রয়োজনে বিধি মোতাবেক জরিমানা করে থাকে। ফলশ্রুতিতে বীমা খাতে বিরাজমান বিভিন্ন ধরনের অনিয়ম উৎঘাটন ও এসব অনিয়মের প্রেক্ষিতে যথাযথ ব্যবস্থা গ্রহণ সম্ভবপর হয়েছে।

৬। বীমা কোম্পানীর প্রশাসনিক নেতৃত্ব দিয়ে থাকেন কোম্পানীর মূখ্য নির্বাহী কর্মকর্তাগণ। কোম্পানীর প্রশাসনিক নেতৃত্বে যোগ্য লোক নিয়োগের লক্ষ্যে কর্তৃপক্ষ বীমা কোম্পানীর মূখ্য নির্বাহী কর্মকর্তা নিয়োগ ও অপসারণ প্রবিধানমালা, ২০১২ প্রণয়ন করেছে। এতে অযোগ্যদের প্রধান নির্বাহী হওয়ার পথ প্রায় রুদ্ধ হয়ে গেছে। কর্তৃপক্ষ সফলতার সাথে সার্ক দেশ-সমূহের মধ্যে পারস্পরিক সহযোগীতা ও অভিজ্ঞতা বিনিময়ের মাধ্যমে ০৬ ও ০৭ এপ্রিল, ২০১৩ ইং তারিখে প্রথম সার্ক ইন্স্যুরেন্স রেগুলেটরস্ কনফারেন্স' ২০১৩ আয়োজন করে। উল্লেখ্য যে, সম্প্রতি সরকার কর্তৃক মানুষ ও সম্পত্তির সামাজিক ও অর্থনৈতিক নিরাপত্তা নিশ্চিতকরণে বীমা শিল্পের সঠিক লক্ষ্য ও উদ্দেশ্য নির্ধারণ এবং বাস্তবায়নে “জাতীয় বীমা নীতি, ২০১৪” প্রণয়ন করেছে। জাতীয় বীমা নীতির মাধ্যমে বীমা খাতের উন্নয়নে করণীয় সম্পর্কে দিক নির্দেশনা দেয়া হয়েছে।

